গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৩৮.২০- ২০৬

তারিখ : ০৬ মাঘ ১৪২৭ / ২০ জানুয়ারী ২০২১

বিষয় : মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার ৪নং শমশেরনগর ইউনিয়নের ২০১৮ সন হইতে সম্মানীভাতা প্রাপ্তি ও নানা ধরণের সুযোগ সুবিধা না পাওয়া প্রসঙ্গে।

সূত্র : মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার ৪নং শমশেরনগর ইউনিয়ন পরিষদের ৪, ৫, ৬ ও ৭, ৮, ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা সদস্য জনাব শারমিন বেগম চৌধুরী এবং নমিতা সিং এর আবেদন, তারিখ-০৯/০১/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে, মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার ০৪ নং শমশেরনগর ইউনিয়নের ৪, ৫, ৬ নং ও ৭, ৮, ৯নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা সদস্য জনাব শারমিন বেগম চৌধুরী এবং নমিতা সিং এর দাখিলকৃত আবেদনপত্রের বিষয়ে জরুরী ভিত্তিতে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ (এক পাতা)।

(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
up2lgd@gmail.com

জেলা প্রশাসক
মৌলভীবাজার।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলবীবাজার।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। জনাব শারমিন বেগম চৌধুরী, সদস্য ৪, ৫, ও ৬নং ওয়ার্ড, ৪নং শমশেরনগর ইউনিয়ন পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৬। জনাব নমিতা সিং, সদস্য ৭, ৮, ৯নং ওয়ার্ড, ৪নং শমশেরনগর ইউনিয়ন পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অফিস কপি।

অতিরিক্ত সচিব (ইউপি)

তারিখ: ০৯/০১/২০২১খ্রিঃ

বরাবর
সচিব
স্থানীয় সরকার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিষয়: **মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার ৪নং শমশেরনগর ইউয়িনের ২০১৮ সন হইতে আমাদের সম্মানি ভাতা প্রাপ্তি ও নানা ধরণের সুযোগ সুবিধা না পাওয়া প্রসঙ্গে।**

মহোদয়,

যথাবিহীত সম্মান পূর্বক নিবেদন এই যে, আমরা নিম্নস্বাক্ষরকারী মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার ৪নং শমশেরনগর ইউয়িনের ৪, ৫, ৬নং ও ৭, ৮, ৯নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের নির্বাচিত মহিলা সদস্য। আমরা গত ইউনিয়ন পরিষদ নির্বাচনের পর হইতে আজোবধি অত্যন্ত সততা ও নিষ্ঠার সহিত আমাদের স্ব স্ব ওয়ার্ড ও নির্ধারিত এলাকার জনসাধারণের কল্যাণে এবং অবকাঠামোগত উন্নয়নে যথাসাধ্য কার্যক্রম পরিচালনা করিয়া আসিতেছি। তবে অত্যন্ত পরিতাপের বিষয়, বিগত ২০১৮ সন হইতে ইউনিয়ন পরিষদের ফান্ডে আমাদের সম্মানি ভাতা প্রাপ্তি হইতে বঞ্চিত রহিয়াছি। আমরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেবকে বার বার তাগাদা দেওয়া সত্ত্বেও চেয়ারম্যান সাহেব এই বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেন নাই। ফলে আমরা বিগত প্রায় ৩ (তিন) বছর যাবত সম্মানি ভাতা প্রাপ্তি হইতে বঞ্চিত থাকায় আমরা দু:খ-কষ্টে দিনাতিপাত করিতেছি। ৪নং শমশেরনগর ইউয়িনের ৪, ৫, ৬নং ওয়ার্ডের সংরক্ষিত সদস্য আমি শারমিন বেগম চৌধুরী নির্বাচনের পর হইতে এ পর্যন্ত আমার এলাকার রাস্তাঘাটসহ অবকাঠামো উন্নয়নে কাবিখা প্রকল্প ও গরিব লোকদের জন্য ইউনিয়ন পরিষদ হইতে সৌরবিদ্যুৎ এবং প্রান্তিক কৃষকদের জন্য সার, বীজ এর কোন বরাদ্ধ পাইনি। অপরদিকে আমি নমিতা সিং ইউনিয়ন পরিষদেও ৭, ৮, ৯নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের নির্বাচিত সদস্য হইলেও এ পর্যন্ত চা বাগানে গরিব, অসহায় শ্রমিক পরিবারের জন্য সৌরবিদ্যুৎ ও প্রান্তিক কৃষকদের সার, বীজের বরাদ্ধ পাইনি। এছাড়াও ইউনিয়ন পরিষদের তিন সদস্যের শমশেরনগর সোনালী ব্যাংকে যুক্ত হিসাবে নারী সদস্য হিসাবে আমাকে সদস্যভূক্ত করা হয় নাই। অথচ বিধি মোতাবেক প্রতি এক বছর পর পর ইউনিয়ন পরিষদের যৌথ ব্যাংক হিসাবে পর্যায়ক্রমে নারী সদস্য পরিবর্তন হওয়ার কথা। ফলে আমি সংরক্ষিত আসনের একজন নির্বাচিত ইউপি সদস্য হিসাবে প্রাপ্ত সুযোগ সুবিধা বঞ্চিত হইয়াছি। ইতিপূর্বেও আমরা নানাবিধ দুর্নীতি ও সমস্যাবলী নিয়া মৌলভীবাজার জেলা প্রশাসক ও কমলগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে আবেদন জানাইয়াছি। এমতাবস্থায় ৪নং শমশেরনগর ইউয়িনের ৪, ৫, ৬নং ও ৭, ৮, ৯নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের নির্বাচিত মহিলা সদস্যদের মাসিক সম্মানি ভাতাপ্রাপ্তি ও ইউনিয়ন পরিষদের অন্যান্য সুযোগ সুবিধা নিশ্চিত করিবার জন্য আবেদন জানাইতেছি।

অতএব মহোদয় সমীপে প্রার্থনা যে, উপরোক্ত বিবরণের পরিপ্রেক্ষিতে ৪নং শমশেরনগর ইউয়িনের ৪, ৫, ৬নং ও ৭, ৮, ৯নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের নির্বাচিত মহিলা সদস্যদের মাসিক সম্মানি ভাতাপ্রাপ্তি ও ইউনিয়ন পরিষদের অন্যান্য সুযোগ সুবিধা নিশ্চিত করিবার পক্ষে আপনার মর্জি হয়।

বিনীত

(শারমিন বেগম চৌধুরী)
সদস্য, ৪, ৫ ও ৬নং ওয়ার্ড
৪নং শমশেরনগর ইউনিয়ন পরিষদ
কমলগঞ্জ, মৌলভীবাজার।
০১৭৪২-৯৭১৪৯৫

(নমিতা সিং)
সদস্য, ৭, ৮ ও ৯নং ওয়ার্ড
৪নং শমশেরনগর ইউনিয়ন পরিষদ
কমলগঞ্জ, মৌলভীবাজার।
০১৭৯৯-০৫১৯৩৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১। মহাসচিব, এনআইএলজি
স্থানীয় সরকার মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৩। মাননীয় ডিডিএলজি, মৌলভীবাজার।
৪। মাননীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্মসচিব ৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	১) প্রশাসন ২) নগর উন্নয়ন ৩) উন্নয়ন ৪) পানি সরবরাহ (পাস) ৫) উপজেলা অধিশাখা ৬) ইউপি অধিশাখা ৭) অডিট অধিশাখা ৮) আইন অধিশাখা
ডাইরি নম্বরঃ ২৭৫ তারিখঃ ১০/০১/২০২১	স্বাক্ষর

ডায়েরি নং- ৩০৩২ তারিখ ১২/১/২১
প্রয়োজনীয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরিত হইল
উপ.........১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা